

REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA
Date : 17-06-2026
Time: 07.35-07.40 AM Hrs
BENGALI MORNING BULLETIN

PM Modi -Donald Trump in G7 sessions :

ফরাসি শহর এভিয়ানে বর্তমানে জি-সেভেন শীর্ষ সম্মেলন অনুষ্ঠিত হচ্ছে। ভারত অন্যতম অংশীদার দেশ হিসেবে অংশগ্রহণ করেছে। আজ শীর্ষ সম্মেলনের পাশাপাশি প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এবং মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের মধ্যে বহু প্রতীক্ষিত দ্বিপাক্ষিক বৈঠকের দিকে সকলের দৃষ্টি নিবদ্ধ রয়েছে। ২০২৫ সালের ফেব্রুয়ারিতে ওয়াশিংটন ডিসিতে তাদের শেষ সাক্ষাতের পর এটিই দুই নেতার প্রথম মুখোমুখি বৈঠক। আজকের এই বৈঠকে, উভয় নেতা বিভিন্ন ক্ষেত্রে দ্বিপাক্ষিক সহযোগিতা গভীরতর করার ব্যাপারে আলোচনা করবেন বলে আশা করা হচ্ছে।

Inauguration- CM :

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, রাজ্য সরকার সুশাসন বজায় রেখে স্বচ্ছতার সঙ্গে কাজ করছে। এর ফলে ত্রিপুরা শীঘ্রই অগ্রণী রাজ্যের মর্যাদা অর্জন করতে সক্ষম হবে। ধলাই জেলার কমলপুরের হালাহালি উচ্চ মাধ্যমিক বিদ্যালয় প্রাঙ্গণে 'বিদ্যাজ্যোতি স্কুল' প্রকল্পের আওতায় গতকাল হালাহালি

উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের নতুন স্কুল ভবনের নির্মাণ কাজের উদ্বোধন ও ধলাই জেলার ১৪টি প্রকল্পের ভার্চুয়াল উদ্বোধনী অনুষ্ঠানে তিনি একথা বলেন। মুখ্যমন্ত্রী বলেন, শাসনব্যবস্থার সংস্কার, ডিজিটাল রূপান্তর, বিনিয়োগ বৃদ্ধি, স্বাস্থ্যসেবা, শিক্ষা, উদ্ভাবন এবং স্বউদ্যোগী তৈরির ক্ষেত্রে ত্রিপুরা উল্লেখযোগ্য অগ্রগতি অর্জন করেছে।

Governor :

রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু বলেছেন, গ্রামীণ অর্থনীতিকে শক্তিশালী করতে দুধের উৎপাদন বাড়ানো অত্যন্ত জরুরি। এক্ষেত্রে ডেয়ারির একটি বিশেষ ভূমিকা রয়েছে। গতকাল আগরতলার ইন্দ্রনগরে গোমতী ডেয়ারী পরিদর্শন কালে তিনি একথা বলেন। তিনি বলেন, দেশের উত্তর পূর্বাঞ্চল সহ ত্রিপুরাতেও দুধের ভালো চাহিদা রয়েছে।

PM :

স্নোভাকিয়ার রাষ্ট্রপতি পিটার পেলেগ্রিনি প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীকে স্নোভাকিয়ার সর্বোচ্চ রাষ্ট্রীয় সম্মান, “দ্য অর্ডার অফ দ্য হোয়াইট ডাবল ক্রস, ফার্স্ট ক্লাস” প্রদান করেছেন। এই বিশিষ্ট সম্মানের জন্য প্রধানমন্ত্রী শ্রী মোদী স্নোভাকিয়ার রাষ্ট্রপতি, সরকার এবং জনগণের প্রতি আন্তরিক কৃতজ্ঞতা প্রকাশ করেছেন। গতকাল পুরস্কার গ্রহণ করে তিনি উল্লেখ করেন, এই সম্মান ভারতের ১৪০ কোটি মানুষের প্রতি এবং ভারত ও স্নোভাকিয়ার মধ্যে অটুট বন্ধুত্বের বন্ধনের প্রতি এক শ্রদ্ধাঞ্জলি।

Jonokolyan shibir-Ratan nath :

কৃষি ও কৃষক কল্যাণমন্ত্রী রতনলাল নাথ বলেছেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর দূরদর্শী নেতৃত্বে বিভিন্ন জনকল্যাণমূলক প্রকল্প বাস্তবায়নের মাধ্যমে দেশ দ্রুত উন্নয়নের পথে এগিয়ে চলেছে। গতকাল মোহনপুর পুর পরিষদ কার্যালয়ে আয়োজিত তিনদিনব্যাপী পুরসভাভিত্তিক জনকল্যাণ শিবিরে বক্তব্য রাখতে গিয়ে কৃষি ও কৃষক কল্যাণমন্ত্রী এই কথা বলেন। তিনি বলেন, প্রধানমন্ত্রী সমাজের চারটি প্রধান শ্রেণি—নারী, যুব, কৃষক ও দরিদ্র জনগোষ্ঠীর উন্নয়নে বিশেষ গুরুত্ব দিচ্ছেন। ২০৪৭ সালের মধ্যে ‘বিকশিত ভারত’ গঠনের লক্ষ্য সামনে রেখে সবাইকে একযোগে কাজ করার আহ্বান জানান।

Supreme Court on ADC :

এডিসির ভিলেজ কমিটি নির্বাচন আগামী ২৭ সেপ্টেম্বর এক দফায় সম্পন্ন করতে রাজ্য নির্বাচন কমিশনের হলফ নামায় উল্লেখিত প্রস্তাবে সম্মতি জানিয়েছে সুপ্রিম কোর্ট। বিচারপতি জয়মাল্য বাগচী ও বিচারপতি বিপুল এম. পাঞ্চোলির ডিভিশন বেঞ্চ-এ মামলার শুনানিতে গতকাল রাজ্য নির্বাচন কমিশনের পক্ষ থেকে হলফ নামা দাখিল করা হয়। ত্রিপুরা রাজ্য নির্বাচন কমিশনের পক্ষে উপস্থিত অ্যাটর্নি জেনারেল আর. ভেঙ্কটরামানি ভিলেজ

কমিটির নির্বাচন আগামী ২৭ শে সেপ্টেম্বর এক দফায় আয়োজন করার প্রস্তাব দেওয়ার পরই সুপ্রিম কোর্ট সম্মতি প্রদান করে। রাজ্য সরকারের পক্ষে উপস্থিত সলিসিটর জেনারেল তুষার মেহতা অ্যাটর্নি জেনারেলের এই প্রস্তাবের সঙ্গে একমত পোষণ করেন।

IDY, Preparation- UNAKOTI :

আগামী ২১শে জুন দ্বাদশ আন্তর্জাতিক যোগা দিবস উদযাপনের লক্ষ্যে গতকাল ঊনকোটি জেলার জেলাশাসক কার্যালয়ে এক প্রস্তুতি বৈঠক অনুষ্ঠিত হয়। উপস্থিত ছিলেন রাজ্য ওয়াকফ বোর্ডের চেয়ারম্যান মবস্বর আলি, জেলাশাসক মেঘা জৈন সহ ত্রি-স্তর পঞ্চায়েত ও পুর পরিষদের জনপ্রতিনিধিরা।

Marriage hall for poor :

আগরতলা পুর নিগমের মেয়র দীপক মজুমদার গতকাল জানিয়েছেন, আর্থিকভাবে দুর্বল ও বিপিএল পরিবারের সুবিধার্থে একটি আধুনিক বিয়ে বাড়ি নির্মাণের পরিকল্পনা নেওয়া হয়েছে। বটতলা হাওড়া নদীর অববাহিকায় সম্ভাব্য বিয়ের বাড়ির স্থান চিহ্নিত করা হয়। গতকাল মেয়র এই স্থান পরিদর্শন করেছেন। শ্রী মজুমদার জানান, আগামী ৫ মাসের মধ্যে বিয়ে বাড়ি নির্মাণকাজ সম্পন্ন করার লক্ষ্যমাত্রা নেওয়া হয়েছে।

Felicitation:

ঊনকোটি জেলার কুমারঘাটে গীতাঞ্জলি অডিটোরিয়ামে এক অনুষ্ঠানে পাবিয়াছড়া বিধানসভা কেন্দ্রের অধীন বিদ্যালয়গুলির মাধ্যমিক ও উচ্চ-মাধ্যমিক পরীক্ষায় উত্তীর্ণ সমস্ত ছাত্র-ছাত্রীকে সংবর্ধনা দেওয়া হয়। গতকাল আয়োজিত এই কর্মসূচির উদ্বোধন করেন বিধায়ক ভগবান চন্দ্র দাস।

FIFA world cup :

২০২৬ ফিফা বিশ্বকাপে সর্বশেষ দুটি ম্যাচে ফ্রান্স ৩-১ গোলে সেনেগালকে পরাজিত করেছে। অন্যদিকে, নরওয়ে ৪-১ গোলে হারিয়েছে ইরাককে।

ভারতীয় সময় অনুযায়ী আজ সকাল সাড়ে ন'টায় অস্ট্রিয়া মুখোমুখি হবে জর্ডানের।

সকাল সাড়ে ছ'টায় শুরু হওয়া আর্জেন্টিনা বনাম আলজিরিয়া ম্যাচে প্রথমার্ধ পর্যন্ত লিওনেল মেসির একমাত্র গোলে আর্জেন্টিনা এগিয়ে রয়েছে।

Weather :

আগামী ২৪ ঘন্টায় উত্তর, ধলাই, গোমতী, সিপাহীজলা ও দক্ষিণ জেলায় বজ্রবিদ্যুৎ সহ ভারী বৃষ্টিপাতের সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৩ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৬ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৬.২

ডিগ্রি সেলসিয়াস। সকাল সাড়ে পাঁচটা পর্যন্ত আগরতলায় বৃষ্টিপাতের পরিমাণ
0.8 মিলিমিটার।
